দৈনিক সংবাদ

তারিখ 26 MAR 1986
পৃষ্ঠা ৩ কলাম ৪

012

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বি, এ (পাস) পরীক্ষার ফল প্রকাশ

চট্টগ্রাম, ২৪শে মার্চ (বাসস)।–চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৮৫ সালের বি, এ (পাস) পরীক্ষার ফল আজ ঘোষণা করা হয়। এ পরীক্ষা গত বছরের আগষ্ট ও সেপ্টেম্বরে অনুষ্ঠিত হয়েছিল।

পরীক্ষায় মোট ৪,৪৯১ জন নিয়মিত ও বহিরাগত পরীক্ষার্থী অংশ নিয়েছিল।

নিয়মিত ছাত্রদের মধ্যে ৯৭ জন দ্বিতীয় বিভাগে এবং ৬৫৫ জন তৃতীয় বিভাগে পাস করেছে। বহিরাগত প্রার্থীদের মধ্যে ৩৫ জন দ্বিতীয় বিভাগে এবং ২৪৯ জন তৃতীয় বিভাগে পাস করেছে। পাসের হার যথাক্রমে শতকরা ১৬ দশমিক ৭৪ ও ২০ দশমিক ১৮ ভাগ।